

# মতালোচনা

## শিক্ষা পরিসংখ্যান ২০১৫ প্রতিবেদনের তথ্য প্রাথমিক থেকে বিশ্ববিদ্যালয় পর্যন্ত শিক্ষার্থী বেড়েছে ৩,৬০,৩৩৬

নিজস্ব প্রতিবেদক ■

প্রাথমিক থেকে বিশ্ববিদ্যালয় পর্যন্ত এক বছরে মোট শিক্ষার্থী বেড়েছে ৩ লাখ ৬০ হাজার ৩৩৬ জন। শিক্ষক বেড়েছেন ৬৮ হাজার ৩১৫ জন। আর প্রতিষ্ঠানের সংখ্যা ১৪ হাজার ৫৮৮টি বেড়েছে। তবে শুধু প্রাথমিক পর্যায়ে এক বছরে শিক্ষার্থী সংখ্যা কমেছে ৪ লাখ ৮৫ হাজার ২১৮ জন। যদিও এ পর্যায়ে শিক্ষক সংখ্যা বেড়েছে ৪৪ হাজার ৯১৪ জন। প্রতিষ্ঠান বেড়েছে ১৩ হাজার ৬৩৯টি।

এ ছাড়া বর্তমানে প্রাথমিকে ২০ দশমিক ৯০ ভাগ, মাধ্যমিকে ৪০ দশমিক ২৯ ভাগ এবং উচ্চ মাধ্যমিকে ২২ দশমিক ৭০ ভাগ শিক্ষার্থী রয়ে পড়ছে। আর প্রাথমিকে ৯৭ দশমিক ৭০ ভাগ, মাধ্যমিকে ৬৭ ভাগ এবং উচ্চ

এরপর পৃষ্ঠা ২ : কলাম ১

## প্রাথমিক থেকে বিশ্ববিদ্যালয় পর্যন্ত

(শেষ পৃষ্ঠার পর)

মাধ্যমিকে ২৭ দশমিক ৭১ ভাগ শিক্ষার্থী ভর্তি হচ্ছে।

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরোর (ব্যানবেইস) সংশ্লিষ্ট পরিচালিত বার্ষিক শিক্ষা জরিপ অনুযায়ী তৈরি 'বাংলাদেশ শিক্ষা পরিসংখ্যান-২০১৫' প্রতিবেদনে ২০১৪ ও ২০১৫ সালের সংগৃহীত বিভিন্ন উপাণ্ডের তুলনামূলক চিত্রে এসব তথ্য পাওয়া গেছে।

গতকাল ব্যানবেইসে অনুষ্ঠিত সারাদেশে শিক্ষাপ্রতিষ্ঠানগুলোর জরিপের ভিত্তিতে সংগৃহীত তথ্য নিয়ে প্রস্তুতকৃত 'বাংলাদেশ শিক্ষা পরিসংখ্যান-২০১৫' প্রতিবেদন চূড়ান্তকরণ সংক্রান্ত কর্মশালায় এ তথ্য উপস্থাপন করা হয়। অনলাইনে দেশের প্রাথমিক থেকে বিশ্ববিদ্যালয় পর্যন্ত সব পর্যায়ের তথ্য সংগ্রহ করে এই প্রতিবেদন তৈরি করেছে ব্যানবেইস। কর্মশালায় প্রধান অতিথি ছিলেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। সভাপতিত্ব করেন ব্যানবেইসের পরিচালক মো. ফসিউল্লাহ। কর্মশালায় শিক্ষা সংশ্লিষ্ট বিভিন্ন পর্যায়ের উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। মো. ফসিউল্লাহ জানান, কর্মশালায় উঠে আসা সুপারিশগুলো নিয়ে আগামী এক সপ্তাহের মধ্যে এই প্রতিবেদন চূড়ান্ত করে প্রকাশ করা হবে।

প্রতিবেদনের সংক্ষিপ্ত বিবরণীতে দেখা গেছে, ২০১৪ সালে প্রাথমিক পর্যায়ে শিক্ষার্থী ছিল ১ কোটি ৯৫ লাখ ৫২ হাজার ৯৮৯ জন। এ সংখ্যা ২০১৫ সালে হয়েছে ১ কোটি ৯০ লাখ ৬৭ হাজার ৭৬১ জন। এ বিষয়ে মো. ফসিউল্লাহ জানান, প্রাথমিকের তথ্য প্রাথমিক শিক্ষা অধিদফতর থেকে দেওয়া হয়েছে। তবে জরিপের তথ্য অনুযায়ী, মাধ্যমিক থেকে বিশ্ববিদ্যালয় পর্যন্ত প্রতিটি পর্যায়েই শিক্ষার্থী সংখ্যা বেড়েছে। বর্তমানে দেশে শিক্ষার্থী রয়েছে ৩ কোটি ৬৬ লাখ ৪৬ হাজার ৬১৯ জন। শিক্ষক আছেন ১০ লাখ ৬৩ হাজার ৭১৮ জন।